

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়  
জয়পুরহাট।  
dls.joypurhat.gov.bd

স্মারক নং-৩৩.০১.৩৮০০.০০০.১৮.০০৩.২৩. ০৬

তারিখ : ০৩/০১/২০২৩ খ্রিঃ।

বিষয় : পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ ও পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনসাধারণ তথা ভোক্তা পর্যায়ে গুণগত মানসম্পন্ন মাংস প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সরকার পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ ও পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ প্রণয়ন করেছে। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা বিধিবদ্ধ সংস্থা (বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত কোন জবাই খানা বা মাংস বিক্রয় স্থাপনা ব্যতীত) উক্ত আইনে ধারা ৯(১) অধিন লাইসেন্স গ্রহণ ব্যতীত বাণিজ্যিক উদ্দেশ্যে জবাইখানা বা মাংস বিক্রয় স্থাপনা এবং মাংস প্রক্রিয়াকরণ কারখানা স্থাপন বা পরিচালনা করতে পারবেন না। যদি কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এই আইন ও বিধিমালার কোন বিধান লংঘন করেন তা হলে উক্ত লংঘনের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান আইনে উল্লিখিত অর্থদণ্ড বা কারাদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত হবেন।

এই আইনের অধিন সংগঠিত অপরাধ সমূহ মোবাইল কোর্ট আইন ২০০৯ (২০০৯ এর ৫৯ নং আইন) অনুসারে বিচার্য হইবে।

এমতাবস্থায় আপনার উপজেলায় জনসাধারণ তথা ভোক্তা পর্যায়ে গুণগত মানসম্পন্ন মাংস প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে আইনটি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।

(ডাঃ মোঃ মাহফুজার রহমান)  
জেলা প্রাণিসম্পদ অফিসার  
জয়পুরহাট।

৩/১/২৩

সদয় অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৩। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ৪। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
- ৫। মেয়র, জয়পুরহাট পৌরসভা/পাঁচবিবি পৌরসভা/আক্কেলপুর পৌরসভা/ক্ষেতলাল পৌরসভা/কালাই পৌরসভা, জয়পুরহাট।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট।
- ৮। অফিস কপি।